

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬ (অংশ-২) -৩৭

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩১

০৭ মে ২০২৪

বিষয়: যথাসময়ে/যথানিয়মে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' অনুযায়ী গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের নির্ধারিত সময় যথাক্রমে জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ মাস। ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট পৌছানোর সময়সীমা এপ্রিল মাস। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে, কিছু কিছু ক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তা যথাসময়ে গোপনীয় অনুবেদন যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করা সত্ত্বেও অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা তাদের নির্ধারিত সময়ে গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরপূর্বক ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট যথাসময়ে প্রেরণ করছেন না। এতে সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্মকর্তা চাকুরী জীবনে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

এমতাবস্থায়, 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এর ২.৬ নং অনুচ্ছেদ অনুযায়ী এবং গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালার অন্যান্য সকল নির্দেশনা যথাযথভাবে ও যথাসময়ে অনুসরণপূর্বক ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট গোপনীয় অনুবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৭-৫-২০২৪

স্বপন কুমার দাস

সহকারী সচিব

ফোন: ৫৫১০১৩৯৮

ইমেইল: cr4@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন
- ৫) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ৬) রেস্তুর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৭) রেস্তুর (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
- ৮) বিভাগীয় কমিশনার,

- ৯) মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ
বোর্ড (বিকেকেবি)
- ১০) মহাপরিচালক (গ্রেড-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
- ১১) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব
অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
- ১২) পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর
- ১৩) সকল জেলা প্রশাসক
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম
এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়